

যুগান্তর

তারিখ
পৃষ্ঠা ১৫ কলাম ৪

সন্ত্রাসীদের হামলায় কুমিল্লা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আহত

কুমিল্লা প্রতিনিধি

রোববার সকালে আগের একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সন্ত্রাসীদের দু'দফা হামলায় কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান লাঞ্চিত এবং এক কর্মচারী আহত হয়েছেন। এ ঘটনায় রোববার শিক্ষা বোর্ডে খাবারিক কাজকর্ম ব্যাহত এবং অচলাবস্থার সৃষ্টি হওয়ায় বোর্ডে কাজে

আসা শিক্ষক-অভিভাবকদের মারামতি ভোগাতি হয়। সন্ত্রাসীদের ভয়ে অনেক কর্মকর্তা-কর্মচারী বোর্ড থেকে বেরিয়ে যান। এ ব্যাপারে বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান এবং কর্মচারী সমিতির নেতাদের পরস্পরবিরোধী বক্তব্য পাওয়া গেছে। পরিস্থিতির অবনতি ঘটানোর আশংকায় সেখানে ব্যাপক পুলিশ কুমিল্লা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

কুমিল্লা : আহত

(শেষ পৃষ্ঠার পর)

মোতামেন করা হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, রোববার সকালে বোর্ডের উপসচিব নজির আহমেদের ছেলে টিপু এবং পিয়ন মোস্তফার ছেলে মোহাম্মদের নেতৃত্বে ৮/১০ জন সন্ত্রাসী যুবক অতর্কিতে বোর্ড অফিসে ঢুকে পিয়ন জয়নাল আবেদিনকে মারধর করে। এ সময় বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও সচিব ড. সফিউল্লাহ এগিয়ে এসে বিষয়টি জানতে চাইলে সন্ত্রাসীরা তাকে লাঞ্চিত করে। বোর্ডের কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক সৈয়দ মকবুল হোসেন এ ঘটনার প্রতিবাদ জানালে সন্ত্রাসীরা তাকে গালিগালাজ এবং হত্যার হুমকি দেয় বলে তিনি জানান। বেলা দেড়টার দিকে আবারও বোর্ডে সন্ত্রাসীরা হামলা চালায়। বোর্ড কর্মচারী সমিতি এ ঘটনার জন্য সরকার দণ্ডীয় ক্যাডারদের দায়ী করলেও বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তা অস্বীকার করেন। বোর্ডের উপসচিব নজির আহমেদের ছেলে টিপু সরকার দণ্ডীয় ক্যাডার বলে কর্মচারী সমিতির নেতৃবৃন্দ জানান।

গত ৭/৮ দিন আগে উপসচিব নজির আহমেদের সঙ্গে পিয়ন জয়নাল আবেদিনের একটি বিষয়ে তর্কাতর্কি ও বিরোধের জের ধরে রোববার এ ঘটনা ঘটে। বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জানান, ঘটনাটি নিষ্পত্তির চেষ্টা চলছে। এদিকে কর্মচারী সমিতি সৃষ্টি বিচার না হলে অবিরাম কর্মবিরতি পান করবে বলে ঘোষণা দিয়েছে। বিকালে এ রিপোর্ট লেখার পর্যন্ত এলাকায় ধর্মতমে অবস্থা বিরাজ করছিল।